

জামেয়া দারুসসুন্নাহ গলমুকাপনের উন্নয়ন কল্পে গঠিত

আসহাবে বদর ফান্ড

ASHAB-E-BADR FUND

Founded by Golmukapan Darussunnah Development Association, UK.

সিলেট বিভাগের অন্তর্গত বৃহত্তর বালাগঞ্জ উপজেলাধীন উসমানী নগর থানার সুপরিচিত গলমুকাপন গ্রামে ১৯৪৯ সালে সিলেটের কৃতি সন্তান আশীকে রাসূল (সাঃ), মহিউসসুন্নাহ মুজাহিদে মিল্লাত আলহাজ শেখ হযরত মাওলানা ফখরুদ্দীন (রহঃ) ও মুফাক্কিরে ইসলাম ডাঃ মুর্তজা চৌধুরী (রহঃ)-এর অক্লান্ত পরিশ্রমে প্রতিষ্ঠিত মাদ্রাসা, আল জামেয়াতুল ইসলামিয়া দারুসসুন্নাহ গলমুকাপন, সিলেটের অন্যতম ঐতিহ্যবাহী ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে যুগযুগ ধরে সুষ্ঠুভাবে ইলমে ওহীর খেদমত আঞ্জাম দিয়ে আসছে। ইবতেদায়ী ১ম বর্ষ হতে হিফজ বিভাগসহ তাকমিল-ফিল হাদীস (টাইটেল) পর্যন্ত চালু রয়েছে। বর্তমানে মাদ্রাসার ছাত্র সংখ্যা ৬০০ জন, ৩০ জন শিক্ষক এবং ৩ জন কর্মচারী। বার্ষিক ব্যয়ের পরিমাণ ন্যূনতম ৩২ লক্ষ টাকা এবং এই ব্যয়ভার বহন করছেন মূলত দেশ-বিদেশের মুসলিম ভাই-বোন ও স্থানীয় মৌসুমী চাঁদা দান কারীগণ।

ইলমের সাথে সাথে আমল ও আখলাকের সামঞ্জস্য বজায় রেখে সুন্নাতে নববীর অনন্য প্রতীক হিসেবে এই মাদ্রাসা সকলের কাছে অতি পরিচিত। দীর্ঘদিনের এই প্রতিষ্ঠিত মাদ্রাসার জন্মলগ্ন থেকেই স্থায়ী কোনো আয়ের উৎস নেই। একমাত্র আল্লাহর দয়ায় এবং দীন দরদী সর্বস্তরের মুসলিম ভাইবোনদের সহযোগিতায় পরিচালিত হয়ে আসছে। বর্তমানে সর্বপ্রকার জিনিষপত্রের মূল্য বৃদ্ধিতে মাদ্রাসার ব্যয় মাত্রাতিরিক্তভাবে বেড়ে গেছে। ফলে মাদ্রাসার আর্থিক প্রয়োজনে কিছু ভিন্নমুখী পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। তন্মধ্যে একটি হচ্ছে-
আসহাবে বদর ফান্ড।

দীন দরদী মুসলিম ভাইবোনদের খেদমততে আকুল আবেদন! আসুন- আল্লাহর রাসূল (সাঃ)-এর প্রিয় সাথী ৩১৩ জন সাহাবীদের সাথে আমাদের হাশর হওয়ার আশায় অন্তত ১ জন সাহাবীর অনুস্মরণে ১টা ফরম পূর্ণ করি। এবং ঐ সকল ভাগ্যবান সাহাবীদের অনুসারীদের সাথে আমাদের নাম সংযুক্ত করি। নিজের নামে অথবা মাতা-পিতা ও আত্মীয় স্বজনদের নামে সদস্যপদ গ্রহণ করা যায়। আল্লাহ আমাদের সকলকে এই নেক কাজে অংশগ্রহণ করার তাওফিক দান করুন।

আমীন।।

আল জামেয়াতুল ইসলামিয়া দারুসসুন্নাহ গলমুকাপনের উন্নয়ন কল্পে গঠিত
আসহাবে বদর ফান্ডের আজীবন সদস্যপদ ফরম

আমি আসহাবে বদর ফান্ডের আজীবন সদস্যপদ গ্রহণে আগ্রহী

নাম:

যুক্তরাজ্যের ঠিকানা:

পোস্ট কোড:

টেলিফোন:

মোবাইল:

ই-মেইল:

বাংলাদেশের ঠিকানা:

পোস্ট অফিস:

থানা:

জিলা:

আমি আল্লাহর রাহে ১ শত (একশত পাউন্ড) দান করে আসহাবে বদর ফান্ডের আজীবন সদস্যপদ গ্রহণ করলাম।

দস্তখত:

তারিখ:

বিঃ দ্রঃ সদস্যদের নাম মাদ্রাসা অফিসে সংরক্ষিত থাকবে এবং সদস্যপদ গ্রহণকারীকে সার্টিফিকেট প্রদান করা হবে।

www.golmukapandarussunnah.com